নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২১১ ১৭ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার বিষয়ক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার (আইএমএস)' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। তথ্যপ্রযুক্তি, প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে আজ বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫ বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

নোবিপ্রবি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপ-সচিব (মানবসম্পদ উন্নয়ন অধিশাখা), জনাব মো. মাইনুল হক ভূঁইয়া ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপ-সচিব (বৃত্তি ও ফেলোশিপ শাখা), জনাব মো. ইকবাল হোসেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের (সিএসটিই) সহকারী অধ্যাপক এবং আইএমএস প্রকল্পের উদ্যোক্তা এ আর এম মাহমুদুল হাসান রানা।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উপ-সচিব মো. মাইনুল হক ভূঁইয়া তার বক্তব্যে সরকারের তথ্য ও প্রযুক্তি বিভাগের ফেলোশিপ প্রাপ্তিতে নোবিপ্রবি শিক্ষার্থীদের সাফল্যের ভূয়সী প্রসংশা করেন। এ সময় তিনি বলেন ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বুয়েটের পরই নোবিপ্রবি শিক্ষার্থীরা বেশি বৃত্তিপ্রাপ্ত হয়। নিঃসন্দেহে এই বিশ্ববিদ্যালয়ের তথ্য ও প্রযুক্তি বিভাগসমূহের শিক্ষক এবং শিক্ষার্থীরা নোবিপ্রবির পাশাপাশি দেশের জন্য গর্বের বিষয়।

উপ-সচিব মো. ইকবাল হোসেন বলেন, আইএমএস সফটওয়্যার নোবিপ্রবির তথ্য ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য প্রাপ্তির জন্য এই সফটওয়্যার দ্রুত সেবা প্রদান করতে পারবে।

সভাপতির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমি আইএমএস সফটওয়্যার নিয়ে যারা কাজ করেছেন, নোবিপ্রবিসহ সরকারের তথ্য ও প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই। এ সফটওয়্যারের প্রায়োগিক ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে নোবিপ্রবি তথ্য ব্যবস্থাপনায় নতুনত্ব নিয়ে আসবে। এতে করে বিশ্ববিদ্যালয়ের বিভাগ ও অফিসসমূহের কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আসবে। এছাড়াও আমাদের শিক্ষার্থীদের একাডেমিক তথ্য প্রাপ্তিতে এ সফটওয়্যার ব্যবহৃত হবে, যা তাদের শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন করবে। এ সময় তিনি আরও বলেন, সরকারি প্রতিষ্ঠানসমূহ প্রযুক্তির ব্যবহারে গড়িমসি করে। সে বিবেচনায় বেসরকারি প্রতিষ্ঠান এগিয়ে। এক্ষেত্রে আমাদের মানসিকতার উন্নয়ন ঘটাতে হবে। বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদেরকেও প্রযুক্তির ব্যবহারে এগিয়ে যেতে হবে।

প্রসঙ্গত, সেমিনারে আইএমএস প্রকল্পের কাঠামো, উন্নয়ন প্রক্রিয়া, বাস্তবায়ন কৌশল এবং ভবিষ্যত ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন দিক নিয়ে আলোচনা উপস্থাপন করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
**Noakhali science and Technology University**
**Noakhali-3814**

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
**Public Relations & Publications Office**
**Phone: 880-2334496581, Mobile: 88-01733998894**
**e-mail: pr@office.nstu.edu.bd**

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪